

**২০২১**  
**বাংলা**  
(অনাস)  
**ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)**  
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)  
**ষষ্ঠ সেমেষ্টার**  
**কোর্স কোড : BENG-H-DSE-T-3**  
(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দাসাহিত্য )

পৃষ্ঠামান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসত্ত্ব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$

- ক) “কেবলি বইয়ের কথা! নেহময়ীদের মুখের কথা কোথায় গেল! — দেশলক্ষ্মীর বুকের কথা কোথায়!” — কে কোথায় একথা বলেছেন?
- খ) “চাঁদের পুতুল - ফুলের কলি। আঁকুপাঁকু করিয়া হাত নাড়ে, পা নাড়ে, .....” — কোন্ গল্পের অংশ? ‘চাঁদের পুতুল’ ‘ফুলের কলি’ বলতে কাদের কথা বলা হয়েছে?

- গ) ‘আহা, এমন দয়াল কঁরা, দু’ ফেঁটা রক্ত দিয়া আমার বাছাদের চোখ ফুটায়!” — কে কাকে একথা বলেছেন? কোন্ গল্পের অংশ?
- ঘ) ‘ইহা খেয়াল রসের বই। সুতরাং সে রস যাহারা উপভোগ করিতে পারেন না, এ পুস্তক তাঁহাদের জন্য নহে।’ — ‘খেয়াল রসের বই’ বলতে কোন্ বইয়ের কথা বলা হয়েছে? কে কোথায় একথা বলেছেন?
- ঙ) ‘খেটে খুটে জল হল শরীরের রক্ত — শিখে দেখি বিদ্যেটা নয় কিছু শক্ত।’ — কার লেখা কোন্ কবিতার অংশ? কোন্ বিদ্যের কথা বলা হয়েছে?
- চ) ‘আজ কচ্ছে আমার সমস্ত গা বিমর্শিম। রাত্রে আমার বোখার হল, বলছি হজুর ঠিক বাঁ-’ — কার ‘বোখার’ হল? ‘হজুর’ কে? কে কোথায় বলেছে?
- ছ) ‘ইংরিজিতে সব ভূতের গল্প বললে ভালো হবে না পাঁচ দাদা। এইখানে গাড়ি নামিয়ে চম্পট দেব বলে রাখলাম।’ — ‘এইখানে’ বলতে কোন্ জায়গার কথা বলা হয়েছে? কার কথা?
- জ) “কেউ যদি পায় তো আমি পাব। জানিস আমি দু-শো টাকা খরচ করে ডিটেকটিভ লাগিয়েছি।” — কে ডিটেকটিভ লাগিয়েছে? তার শিক্ষাগত যোগ্যতা কি?
- ঝ) ‘জানো আমার বুকের মধ্যে সিংহ’ — কার কথা? ‘পদি পিসি দি সেকেন্ড’ কে?

- এৱ) ‘হে দেব। আমাকে এমন একটি পুত্র দান কর, যে এই -  
সকল অসুরকে বধ করিতে পারে।’ — এখানে ‘দেব’  
কে? কোন্ গল্পের অংশ? কে প্রার্থনা করেছিল?
- ট) ‘ওগো! এ-সব কি ছাই খাবার আমাকে খাইতে দাও? এ  
সব খাইতে ভালো লাগে?’  
— কে কাকে একথা বলেছিল? কোন্ গল্পের অংশ?
- ঠ) ‘ইনি আবার কোথেকে আমদানি হলেন? গিরিডি শহরে  
তো এনাকে দেখেছি বলে মনে পড়ছে না।’ — কার  
উক্তি? ‘ইনি’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- ড) রাধারমণ সমাদারের নাতির থিয়েটারি নাম কি ছিল?  
সাধন সেনের পিতার নাম বলো। এরা কোন্ গল্পের  
চরিত্র?
- ঢ) ‘ব্যয়-কষ্ট জন্মৰী’ -র প্রকৃত নাম কি? তাঁর বাড়ি কোথায়  
ছিল?
- ণ) ‘তাছাড়া আর কি হতে পারে? তবে অতুলবাবু বলেছিলেন  
যে, এ আত্মহত্যা নয় - অন্যকিছু।’ — কার কথা? কাকে  
বলেছে? কোন্ গল্পের অংশ?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 4 = 20$

- ক) ‘নীলকমল আর লালকমল’ গল্পের গল্পকথন শৈলী বিষয়ে  
একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করো।
- খ) ‘একুশে আইন’ কবিতাটিতে ঔপনিবেশিক শাসকদের দমন  
পীড়নের যে ছবি উঠে এসেছে তা সংক্ষেপে বলো।

- গ) ‘পদিপিসির বর্মি বাঙ্গে’ ‘গজার উপাখ্যান’ বিষয়ে একটি  
সংক্ষিপ্ত আলোচনা করো।
- ঘ) ‘ইন্দ্র হওয়ার সুখ’-এ আত্মের মুনির গল্পের শিল্প সার্থকতা  
বিচার করো।
- ঙ) ‘সত্যাঘৰী’ গল্পে অনুকূল বাবুর চরিত্র কতটা শিল্পসার্থক  
হয়েছে তা আলোচনা করো।
- চ) ‘সমাদারের চাবি’ গল্পের নামকরণ প্রসঙ্গ বিচার করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 2 = 20$
- ক) ‘সাতভাই চম্পা’ গল্পটি অবলম্বনে গল্পটির উপস্থাপন শৈলী  
বিচার করে রূপকথার গল্প হিসেবে এর মূল্যায়ন করো।
- খ) ‘সুকুমার রায়ের ‘গন্ধবিচার’ কবিতার গঠনশৈলী বিচার  
করো।
- গ) ‘পদিপিসির বর্মি-বাঙ্গ’ গল্পে হাসির উপাদানগুলি যে  
শিল্পসার্থকতায় ব্যবহৃত হয়েছে তা আলোচনা করো।
- ঘ) ‘অম্বর সেন অস্তর্ধান রহস্য’ গল্পের সমাপ্তি কতটা  
শিল্পসার্থক হয়েছে তা বিশ্লেষণ করো।